

শেক্ষবিতে ছাত্রলীগের কমিটিতে ছাত্রদল শিবির কর্মীদের পদায়ন

শেক্ষবি প্রতিনিধি

রাজধানীর শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের (শেক্ষবি) তিনটি ছাত্রদল ছাত্রলীগের নবগঠিত কমিটি বিতর্কের মুখে পড়েছে। এসব কমিটিতে ছাত্রদল ও শিবিরের কর্মীদের পদায়ন করা হয়েছে এমন অভিযোগ করেন ছাত্রলীগের নেতাকর্মীরা।

বৃহস্পতিবার রাতে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সভাপতি ও সাধারণ সম্পাদক কর্তৃক ঘোষিত নবাব সিরাজ উদ্দৌলা হল, কবি কাজী নজরুল ইসলাম হল ও শেরেবাংলা হলের কমিটি প্রকাশ হওয়ার পর ছাত্রলীগের ত্যাপী কর্মীরা বিক্ষোভ প্রদর্শন করেন। অন্যদিকে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় কমিটি ঘোষণা না করে হল কমিটি দেয়াল বিক্ষয় ও হত্যা প্রকাশ করেছেন একাধিক সিনিয়র নেতা। নাম প্রকাশে অনিচ্ছুক ছাত্রলীগের একাধিক নেতা বলেন, সভাপতি ও সাধারণ সম্পাদক হলগুলোতে নিজেদের কর্তৃত্ব ও প্রভাব বিস্তার করতেই এমন বিতর্কিত কমিটি দিয়েছে। তারা কমিটি গঠনে সিনিয়র নেতাদের কোনো পরামর্শের তোয়াক্তা করেনি বলেও

অভিযোগ করেন নেতারা। অন্যদিকে গদবন্ধিত ছাত্রলীগের কর্মীরা এমন বিতর্কিত কমিটি বাড়িলে জোর দাবি জানান। এ বিষয়ে জানতে চাইলে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক দেবানীষ দাস বলেন, এমন অভিযোগ সত্য নয়, তবে ছাত্রলীগে কিছু অনুপ্রবেশকারী থাকতে পারে। যদি তাদের চিহ্নিত করা যায় তবে কঠোর ব্যবস্থা নেয়া হবে।